ঝিনাইদহে সাংস্কৃতিক কর্মীদের মানববন্ধন ও বিক্ষোভ

জাতীয় সংগীত পরিবর্তন করার ষড়যন্ত্রের প্রতিবাদে ঝিনাইদহের মানববন্ধন ও বিক্ষোভ কর্মসূচী পালন করেছে সাংস্কৃতিক কর্মীরা।

শুক্রবার সকালে শহরের পায়রা চত্বরে উদীচি ও সমমনা সাংস্কৃতিক সংঠনের কর্মীরা মানববন্ধন কর্মসূচীর আয়োজন করে। এ কমসূচীতে জাতীয় পতাকা উত্তোলন ও জাতীয় সংগীত পরিবেশন করা হয়। এতে ব্যানার ফেস্টুন নিয়ে উদীচিসহ জেলার বিভিন্ন সাংস্কৃতিক সংগঠনের কর্মীরা অংশ নেয়।

সেসময় বক্তব্য রাখেন, উদীচি শিল্পী গোষ্টি জেলা শাখার সভাপতি শরিফুল ইসলাম, উপদেষ্টা স্বপন বাগচী, গণশিল্পী সংস্থার সভাপতি আব্দুস সালাম, সাংস্কৃতিক কর্মী তারিকুল ইসলাম পলাশ, সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্টের জেলা সমন্বয়ক নুসরাত জাহান সাথীসহ অন্যান্য সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ।

সেসময় বক্তারা, দেশের জাতীয় সংগীত পরিবর্তনের ষড়যন্ত্র যারা করছে তাদের বিরুদ্ধে আন্দোলন গড়ে তোলার আহ্বান জানান। পরে এর প্রতিবাদে জাতীয় সংগীত পরিবেশন করা হয়।

কোটচাঁদপুরে আইনজীবী সহকারীর সংবাদ সন্মেলন

ঝিনাইদহের কোটচাঁদপুরে মিথ্যা মামলা ও অপবাদের প্রতিবাদে সংবাদ সন্মেলন করেছেন আইনজীবী সহকারী নুর আমিন। আজ শুক্রবার (৬ সেপ্টেম্বর) বেলা ১২টার দিকে হাসপাতাল সড়কের প্রেসক্লাব কোটচাঁদপুরের সভাকক্ষে তিনি এ সংবাদ সন্মেলনটি করেন ।

এ সময় উপজেলার ফুলবাড়ী গ্রামের সংবাদ সন্মেলনকারী নূর আমিনের সাথে ছিলেন তার চাচা মহাসিন আলী, চাচাতো ভাই মিজানুর রহমান, বড়

ভাই রুহুল আমিন।

সংবাদ সম্মেলনে লিখিত ও প্রশ্নের জবাবে নুর আমিন বলেন, আমি আইনজীবী সহকারী হিসেবে ঝিনাইদহে বিজ্ঞ আদালতে কর্মরত আছি। আমি একজন জামাতে ইসলামী মতাদর্শী মানুষ। যে কারণে ২০১৩ সাল থেকে ২০২৪ সাল পর্যন্ত আমি একাধিক গায়েবী রাজনৈতিক মামলায় জর্জরিত। দীর্ঘ ১০ টি বছর আমাকে বিভিন্ন সময়ে পালিয়ে থাকতে হয়েছে। তারপরও একাধিকবার ডিবি, র্যাব, ঝিনাইদহ সদর থানা ও কোটচাঁদপুর থানা পুলিশ আমাকে উঠিয়ে নিয়ে যেয়ে লক্ষ লক্ষ টাকা হাতিয়ে নিয়েছেন। এ কাজের সহযোগিতা করেছেন সাবেক বলুহর ইউপি চেয়ারম্যান আওয়ামী লীগ নেতা আব্দুল মতিন তার ভাই আব্দুর রাজ্জাক ও প্রতিবেশী ওমর আলী। এদিকে ৫ আগষ্ট বিগত আওয়ামী লীগ সরকার পতনের দিনে ফুলবাড়ী গ্রামের মতিন চেয়ারম্যানের ভাই আব্দুর রাজ্জাকের বাড়ি প্রতিবেশী ওমর আলীর বাড়ি কে বা কারা ভাঙচুর চালায়। এ ঘটনা নিয়ে আমাকে মতিন চেয়ারম্যান ও তার লোকজনেরা দোষারোপ করে আসছিল। গত ৫ই সেপ্টেম্বর গ্রামের পার্শ্ববর্তী সমাজকল্যাণ পাড়ায় আমার মামা বাড়িতে রাত যাপন করি । ভোর পাঁচটার দিকে ফজরের নামাজের জন্য যখন আমি ফুলবাড়ী মসজিদের দিকে রওনা হই। পথের মধ্যে ইমরান, রনি,শাহাদত ও মতিন চেয়ারম্যানের লোকজন প্রতিরোধ করে। সেই সাথে বাড়ি ভাঙচুরের অভিযোগ তুলে আমাকে বেধড়ক মারপিট করে । এতে আমি রক্তাক্ত জখম হই। পরবর্তীতে ঘটনাস্থলে আসা কুল্যাগাছা মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক মিকাইল হোসেন আমাকে মিথ্যা অপবাদ দিয়ে পুলিশ ডেকে তাদের হাতে তুলে দেন। পরে পুলিশের কাছে অপবাদের বিষয়টি মিথ্যা প্রমাণিত হলে তারা আমাকে থানা থেকে ছেড়ে দেন । এ সকল মিথ্যা অপবাদ ও হয়রানী মূলক রাজনৈতিক মামলার কারণে আমি মানসিক ও সামাজিক ভাবে ক্ষতিগ্রস্ত হয়েছি বা হচ্ছি। সেই সাথে নিরাপত্তাহীনতায় ভুগছি। যে কারণে আপনাদের (সাংবাদিকদের) মাধ্যমে প্রশাসনসহ রাজনৈতিক নেতৃবৃন্দের কাছে এ সকল মিথ্যা অপবাদ ও মামলা থেকে পরিত্রাণের জন্য সহযোগিতা কামনা করছি।

বিষয়টি নিয়ে সাবেক বলুহর ইউপি চেয়ারম্যান আব্দুল মতিন এর সাথে কথা বললে তিনি জানান, ভাঙচুরের ঘটনায় কেউ নূর আমিনের গায়ে হাত তোলেনি। আমি পরে জানতে পেরেছি অন্য একটি ঝামেলার কারণে ওই এলাকার লোকজন তাকে কয়েকটি চড় থাপ্পড় মেরে পুলিশে দিয়েছে। তিনি বলেন, আমার বিরুদ্ধে নুর আমিন সংবাদ সম্মেলনে যে অভিযোগ এনেছেন তা সম্পূর্ণ মিথ্যা।

কোটচাঁদপুরে মানববন্ধন ও প্রতিবাদ সভা অনুষ্ঠিত

হাজী আমলানেছা বিবি ওয়াকফ এস্টেটের মোতাওয়াল্লীর অপসারনের দাবিতে কোটচাঁদপুরে মানববন্ধন করেছেন, সলেমানপুরের ৬ নং ওয়ার্ডবাসী। আজ শুক্রবার (০৬ সেপ্টেম্বর) দুপুরে এ মানববন্ধন করেন তারা।

জানা যায়, কোটচাঁদপুরের সলেমানপুর ই.সি-২৮৬২ হাজী আমলানেছা বিবি ওয়াকফ এস্টেট। এ ওয়াকফ এস্টেটের আওতাধীন রয়েছে মসজিদ ও বেশ কিছু জমি। এ সব জমি থেকে যা আয় রোজগার হয়, তা তিনি নিয়ম বহির্ভূত ভাবে ব্যবহার করে আসছেন।

এর প্রতিবাদে আজ শুক্রবার দুপুরে কোটচাঁদপুর সলেমানপুর ওয়াকফ এস্টেটের মসজিদের সামনে মানববন্ধন করেছেন সলেমানপুরের ৬নং ওয়ার্ডবাসী। মানববন্ধন থেকে দূর্নীতিবাজ ও মসজিদের টাকা আত্মসাৎকারী মোতাওয়াল্লী ইমরান হোসেন (তাপসের) অপসারন চেয়েছেন তারা।

তুলে ধরেছেন তাঁর অনিয়মের ৫ দফা। যার মধ্যে রয়েছে, মসজিদের জমি, গাছ, নদ অর্থ আত্মসাৎ, ইমাম ও মোয়াজিনদের বেতন বাকি, মসজিদের কোন খোজ খবর না রেখে, ঢাকায় বসে মিথ্যা ভিডিও বানিয়ে মুসল্লীদের হুমকি-ধামকি প্রদান,এছাড়া তিনি যে বিভিন্ন অন্যায় ও অনিয়মের সঙ্গে জড়িত বলে অভিযোগ করেন তারা।

মানববন্ধনে বক্তব্য রাখেন, ইমাম ফরহাদ হোসেন, জাহাঙ্গীর হোসেন, সামাউল ইসলাম, আলতাফ হোসেন, মোয়াজ্জিন ফয়সাল হোসেন। তারা এ মানববন্ধন থেকে দুর্নীতিবাজ, মসজিদের টাকা আর্তসাৎকারি মোতায়াল্লী ইমরান হোসেন তাপসের অপসারন চেয়েছেন। সাথে সাথে মোতাওয়াল্লীর বিরুদ্ধে সকল অভিযোগের তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহনের দাবি জানিয়েছেন সংশ্লিষ্টদের নিকট।

এ ব্যাপারে হাজী আমলানেছা বিবি ওয়াকফ এস্টেটের মোতাওয়াল্লী ইমরান হোসেন (তাপস) বলেন, ঈমাম আর মোয়াজিনের কিছু টাকা বাকি

আছে। তবে অন্যসব অভিযোগের বিষয়ে তিনি কিছু না বলে এড়িয়ে যান। অভিযোগ তোলেন, মসজিদ ভাঙ্গা ও দান বাক্সের টাকা চুরির ঘটনা নিয়ে।

কোটচাঁদপুরে বিএনপি নেতার বিরুদ্ধে সংবাদ সম্মেলন

মামলা দিয়ে হয়রানি ও হুমকি – ধামকির প্রতিবাদে কোটচাঁদপুরে বিএনপি নেতার বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছেন শিক্ষক খায়রুল ইসলাম। আজ বৃহস্পতিবার (০৫ সেপ্টেম্বর) দুপুরে স্থানীয় পৌর পাঠাগার মিলনায়তনে এ সংবাদ সম্মেলন করে তিনি।

তিনি লিখিত বক্তব্যে বলেন, আমি একজন প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক। শিক্ষকতা করে সমাজে একজন আদর্শ মানুষ হিসেবে পরিবার পরিজন নিয়ে সুখে শান্তিতে জীবন যাপন করতে চেয়েছিলাম। সেই আশায় গ্রাম ছেড়ে শহরে এসেছিলাম।
কিন্তু কালের পরিবর্তনে আমার সে আশা পূরণ হয়নি।এর পরিবর্তে জুটেছে বিভিন্নভাবে লাঞ্চনা। হতে হয়েছে মামলার স্বীকার।

তিনি বলেন, আমি ২০১১ সালে কোটচাদপুর পৌরসভাধীন ৩নং ওয়ার্ডে বর্তমান বিএনপি’র উপজেলা কমিটির সাধারণ সম্পাদক মোঃ লিয়াকত আলী সাহেবের বাড়ির পাশে ৫.১৪ শতক জমি কিনে ছিলাম। এরমধ্যে ৩ শতকের উপর ভবন করা হয়েছে। বাকী ২.১৪ শতক খালি পড়ে আছে। ওই জমি কেনার পর থেকে বিএনপি’র ওই নেতার সঙ্গে চলে আসছিল ঝামেলা। বিষয়টি নিয়ে মোঃ লিয়াকত আলী আমার বিরুদ্ধে আদালতে বেশ কয়েকটি মামলা করেছেন। এ ছাড়া তিনি ও তাঁর অনুসারীরা বিভিন্ন সময় আমাকে বিভিন্ন ভাবে হুমকি ধামকি দেন। এর ধারাবাহিকতায় গেল ৫ আগষ্ট ওই নেতা তাঁর সমর্থিত লোকজন দিয়ে আমাকে মারপিট করান। ওইদিন যদি এলাকার মানুষেরা আমাকে তাদের হাত থেকে রক্ষা না করতেন, তাহলে সেদিন ওরা আমাকে মেরে ফেলতেন।

শিক্ষক খায়রুল ইসলাম আরো বলেন, তারা আমাকে এভাবে হয়রানি আর নির্যাতন করে ওই জমি থেকে উৎখাত করতে চান। এটা না হওয়া পর্যন্ত

তারা থামবে না। বিষয়টি নিয়ে বর্তমানে আমি ও আমার পরিবার চরম আতংকে দিন কাটাচ্ছি।
এ কারনে আমি আপনাদের মাধ্যমে উক্ত ঘটনাটি সমাজের মানুষের কাছে তুলে ধরতে চাই। জানাতে চাই বিএনপির নীতি নির্ধারক কর্মকর্তাদের। যাতে করে আমি ওই পরিস্থিতি থেকে পরিত্রান পেয়ে সমাজে থাকতে পারি।

এ ব্যাপারে কোটচাঁদপুর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মোঃ লিয়াকত আলী বলেন, এটা আমার বিরুদ্ধে ছড়ানো মিথ্যা প্রপাকান্ড। ষড়যন্ত্রকারিরা আমার বিরুদ্ধে তাদের কে দিয়ে একের পর এক মিথ্যা রটনা রটাচ্ছে। আমি ঘটনার সুষ্ঠু তদন্তের দাবি জানাচ্ছি সংশ্লিষ্ট কর্তাব্যক্তিদের নিকট।

ঝিনাইদহে জ্বীনের বাদশা পরিচয়ে প্রতারণার সময় আটক ৩

ঝিনাইদহে জ্বীনের বাদশা পরিচয় দিয়ে প্রতারণার অভিযোগে ৩ জনকে আটক করেছে সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল।

আজ বুধবার (৪ সেপ্টেম্বর) সকালে শহরের ধোপাঘাটা ব্রীজ এলাকা থেকে তাদের আটক করা হয়।

আটককৃতরা হলেন- গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলার সমসপাড়া গ্রামের নুর আলম, মামুন হোসেন ও সাইফুল ইসলাম। পুলিশ জানায়, গত ১ সেপ্টেম্বর সদর উপজেলার পোড়াহাটি গ্রামের এক প্রবাসীর স্ত্রীকে মোবাইলে জ্বীনের বাদশা পরিচয় দিয়ে একটি চক্র প্রতারণা শুরু করে। স্বামী ও সন্তানের ক্ষতির ভয় দেখিয়ে ওই নারীর কাছ থেকে ২০ হাজার টাকা হাতিয়ে নেয় চক্রটি। সর্বশেষ বুধবার ওই ভুক্তভোগীর কাছে স্বর্ণের গহনা চাইলে ওই নারী পুলিশের সাথে যোগাযোগ করে। ওই নারীর স্বর্ণালংকার নিতে গাইবান্ধা থেকে ঝিনাইদহ এলে পুলিশ তাদের অবস্থান শনাক্ত করে গাইবান্ধার গোবিন্দগঞ্জ উপজেলার সমসপাড়া গ্রামের নুর আলম, মামুন হোসেন ও সাইফুল ইসলামকে আটক করে। চক্রটি দেশের বিভিন্ন স্থানে এমন প্রতারণা করে আসছিলো বলে জানিয়েছে জেলা গোয়েন্দা পুলিশ।

[redacted]

[redacted]

আস-সুন্নাহ ফাউন্ডেশনে অনুদান দিলো ঝিনাইদহের প্রগতি স্বেচ্ছাসেবী

বন্যার্তদের ত্রাণ ও পুনর্বাসন এর জন্য ঝিনাইদহের প্রগতি স্বেচ্ছাসেবী সংগঠনের পক্ষ থেকে আস-সুন্নাহ ফাউন্ডেশনকে নগদ ১,০০,০০০ (এক লক্ষ) টাকা আর্থিক অনুদান প্রদান করেছে।

গতকাল সোমবার (২সেপ্টেম্বর) রাতে ঢাকা আস-সুন্নাহ ফাউন্ডেশনের কার্যালয়ে উপস্থিত হয়ে আস-সুন্নাহ ফাউন্ডেশনের চেয়ারম্যান শায়েখ আহমাদুল্ল’র হাতে নগদ এক লক্ষ টাকা আর্থিক অনুদান প্রদান করেন। সেসময় উপস্থিত ছিলেন প্রগতি স্বেচ্ছাসেবী সংগঠনের সভাপতি সাজিদ মাহমুদ, সাধারণ সম্পাদক জহুরুল ইসলাম এবং ত্রাণ ও দুর্যোগ বিষয়ক সম্পাদক আব্দুল্লাহ।

সভাপতি সাজিদ মাহমুদ বলেন, বন্যার্তদের জন্য আমরা শুরু থেকেই কাজ করছি এবং আমাদের লক্ষ্য ছিলো বন্যা পরবর্তী ধাপ নিয়ে কাজ করা। যা আস-সুন্নাহ ফাউন্ডেশনের মাধ্যমে সম্ভব বলে মনে হয়েছে।

প্রগতি স্বেচ্ছাসেবী সংগঠন গত ৫ বছর যাবৎ বিভিন্ন সামাজিক ও মানবিক কার্যক্রম করে আসছে এবং পূর্বের চেয়ে জনসাধারণের কাছে বিশ্বাসযোগ্য ও প্রিয় সংগঠন হিসাবে বিবেচিত হয়েছে।

নতুন এই বাংলাদেশকে প্রাকৃতিক দুর্যোগ থেকে রক্ষা ও বন্যার্তদের পাশে দাঁড়ানোর জন্য সাধারণ জনগণ সাধ্য অনুযায়ী সর্বোচ্চ চেষ্টা করেছে। নিজ সামর্থ্য অনুযায়ী সবাই এগিয়ে এসেছে। এজন্য প্রগতি পরিবার এর পক্ষ থেকে সবাইকে অসংখ্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করছি।

ঝিনাইদহে ৩’শ কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ

ঝিনাইদহে ২০২৪-২৫ অর্থবছরে খরিফ-২ মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় মাসকলাই আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র প্রান্তিক ৩’শ কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ করা হয়েছে।

সোমবার সকালে উপজেলা কৃষি অফিসের আয়োজনে সদর উপজেলা চত্বরে কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ উদ্বোধন করা হয়। সদর উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক ষষ্টি চন্দ্র রায়। বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা কৃষি অফিসার নূর-এ-নবী, অতিরিক্ত কৃষি অফিসার জুনাইদ হাবিব।

উল্লেখ্য, মাসকলাই আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র প্রান্তিক ৩’শ কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ৫ কেজি, ডিএপি সার ১০ কেজি ও এমওপি ৫ কেজি করে মোট বীজ ১.৫ মে. টন এবং সার ৪.৫ মে. টন বিতরণ করা হয়েছে।

ঝিনাইদহ চক্ষু হাসপাতালের সহকারী পরিচালকের বিরুদ্ধে পাহাড়সম দুর্নীতির অভিযোগ

ঝিনাইদহ চক্ষু হাসপাতাল ও অন্ধ পুনর্বাসন কেন্দ্রের সহকারী পরিচালক মিলন হোসেনের বিরুদ্ধে নানা অনিময় ও দুর্নীতির অভিযোগ উঠেছে। হাসপাতালের ৮০ জন কর্মকর্তা-কর্মচারী তার বিরুদ্ধে দুর্নীতির নানা অভিযোগ সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালকের বরাবর লিখিত ভাবে দিলেও অদৃশ্য কারণে আজ পর্যন্ত কোন ব্যবস্থা নেওয়া হয়নি। এতে চরম ক্ষুব্ধ হাসপাতালের কর্মকর্তা-কর্মচারীরা।

অভিযোগে জানা যায়, মিলন হোসেন ১৯৯৯ সালে চক্ষু হাসপাতালে হিসাব রক্ষক হিসেবে যোগদান করেন। অন্যান্য কর্মকর্তাদের পদোন্নতী না হলেও কর্তৃপক্ষকে ম্যানেজ করে কয়েকদফায় নিজের পদোন্নতী করিয়েছেন। সম্প্রতি তিনি সহকারী পরিচালক পদে পদোন্নতী পেয়েছেন।

হাসপাতালের কর্মকর্তা-কর্মচারীদের অভিযোগ মিলন হোসেন হাসপাতালের চশমা ক্রয়, সাইনবোর্ড নির্মাণ, মোটর সাইকেলের সেড নির্মাণে ব্যাপক দুর্নীতি করেছেন। নির্দিষ্ট সময়ে তিনি অফিসে আসেন না। কর্মচারীদের সাথেও র্দূব্যবহার করেন তিনি। হাসপাতালে সরবরাহকৃত ঔষধ, উপকরণ, লেন্স ক্রয় থেকে শুরু করে সকল কেনাকাটায় অনিয়ম করেন তিনি। হিসাব রক্ষক থাকাকালে অতিরিক্ত দ্বায়িত্ব পালনের নামে প্রতিমাসে ২৫০০ টাকা নিতেন। নিজের আত্মীয় স্বজনদের বিনামুল্যে চিকিৎসা করান।

হাসপাতালের সিনিয়র কনসালটেন্ট সার্জন ডা: মোঃ আব্দুল হালিম বলেন, মিলন হোসেন ঝিনাইদহের সদ্য সাবেক জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলামের সাথে যোগসাজস করে বিজ্ঞপ্তি ছাড়াই মোটা টাকার বিনিময়ে জনবল নিয়োগ দিয়েছেন। আমাদের কোন পদন্নতী না হলেও তিনি পদোন্নতী বাগিয়ে নিয়েছেন। সম্প্রতি হাসপাতালের কর্মকর্ত-কর্মচারীরা তার বিরুদ্ধে কথা বললে তিনি ছুটির অজুহাতে এখন অফিসে আসেন না। আমরা চাই সমাজসেবা কার্যালয়ে যে লিখিত অভিযোগ দিয়েছি তার সুষ্ঠু তদন্ত করে তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক।

সিনিয়র ল্যাব সহকারী তরিকুল ইসলাম বলেন, এর আগে মিলনের দুর্নীতির ধরে ফেলায় ২ জন কর্মচারীকে বহিস্কার করা হয়। এতদিন তার বিরুদ্ধে আমরা কথা বলতে পারিনি। আমরা হাসপাতালের ৮০ জন কর্মকর্তা-কর্মচারী অভিযোগ দিয়েছি। কিন্তু অদৃশ্য কারণে আজ পর্যন্ত কোন ব্যবস্থা নেওয়া হয়নি। আমরা যে অভিযোগ দিয়েছি তার সুর্নিদিষ্ট প্রমাণ আমাদের কাছে আছে। হাসপাতালের সাধারণ সম্পাদক ও সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক তার বিরুদ্ধে কেন তদন্ত করছে না তা নিয়ে প্রশ্ন উঠেছে। আমরা চাই আমাদের দেওয়া অভিযোগের সুষ্ঠু তদন্ত করা হোক।

অভিযোগের ব্যাপারে মিলন হোসেন বলেন, আমার বিরুদ্ধে যে অভিযোগ দিয়েছে তার কোন সত্যতা নেই। আমার বিরুদ্ধে ষড়যন্ত্র করা হচ্ছে।

এ ব্যাপারে সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক আব্দুল কাদের বলেন, যেহেতু জেলা প্রশাসক ওই হাসপাতালের সভাপতি। বর্তমানে জেলা

প্রশাসক নেই এ জন্য তদন্ত কমিটি বা ব্যবস্থা নিতে পারছি না। নতুন জেলা প্রশাসক এলেই অভিযোগের বিষয়ে ব্যবস্থা নিব।

ঝিনাইদহে বিএনপি’র ৪৬তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

ঝিনাইদহে বিএনপি’র ৪৬তম প্রতিষ্ঠা বাষির্কী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার (১সেপ্টেম্বর) সকালে শহরের কুটুম কমিউনিটি সেন্টারে এ অনুষ্ঠানের আয়োজন করে জেলা বিএনপি।

দেশে ভয়াবহ বন্যার কারণে সীমিত আকারে বিএনপি’র প্রতিষ্ঠা বাষির্কী পালন করা হয়। এতে জেলা বিএনপি’র সভাপতি এ্যাড. এম এ মজিদ, সহ-সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, সাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, যুগ্ম-সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাসসহ অন্যান্যরা বক্তব্য রাখেন।

বক্তরা, নির্বাসিত গণতন্ত্র আদায়ে অনেক নেতাকর্মী জীবন উৎসর্গ করেছে। আগামী দিনে দেশের মানুষের বাক স্বাধীনতার জন্য বিএনপি কাজ করে যাচ্ছে। তাই তারা দেশের স্বাধীনতা, সার্বভৌমত্ব রক্ষার্থে সকলকে ঐক্যবদ্ধ হওয়ার আহবান জানান ।

আলোচনা সভা শেষে বিএনপি’র প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের আত্মার মাগফেরাত কামনায় ও বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনা করে দোয়া করা হয়।